

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৩০৮ ৩৬/ পানীয় (کتاب الأشربة) পরিচ্ছেদঃ ৩৬/১০. দুগ্ধপান বৈধ।

جواز شرب اللبن

আরবী

حديث أبي هُرَيْرَةَ، قَالَ: أُتِيَ رَسُولُ اللهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، لَيْلَةَ أُسْرِيَ بِهِ، بإِيليَاءَ، بِقَدَحَيْنِ مِنْ خَمْرٍ وَلَبَنٍ فَنَظَرَ إِلَيْهِمَا، فَأَخَذَ اللَّبَنَ قَالَ جِبْرِيلُ: الْحَمْدُ للهِ الَّذِي هَدَاكَ لِلْفِطْرَةِ، لَوْ أَخَذْتَ الْخَمْرَ غَوَتْ أُمَّتُكَ

বাংলা

১৩০৮. আবু হুরাইরাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, যে রাতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বাইতুল মুকাদ্দাসে ভ্রমণ করানো হয়, সে রাতে তাঁর সামনে দু'টি পেয়ালা রাখা হয়েছিল। তার একটিতে ছিল শরাব এবং আরেকটিতে ছিল দুধ। তিনি উভয়টির দিকে তাকালেন এবং দুধ বেছে নিলেন। তখন জিবরীল (আঃ) বললেন, সমস্ত প্রশংসা সে আল্লাহর, যিনি আপনাকে স্বাভাবিক পথ দেখিয়েছেন। যদি আপনি শরাব বেছে নিতেন, তাহলে আপনার উন্মত অবাধ্য হয়ে যেত।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৬৫: তাফসীর, অধ্যায় ১৭, হাঃ ৪৭০৯; মুসলিম, পর্ব ৩৬ : পানীয়, অধ্যায় ১০, হাঃ ১৬৮

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

Substitute Link — https://www.hadithbd.com/hadith/link/?id=84536

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন